

# ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখঃ ১১/১১/২০২১ খ্রি.

## ইনোভেশন টিমের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ৩১/১০/২০২১ তারিখ রোজ রবিবার বিকাল ০২:৩০ ঘটিকায় ইনোভেশন টিমের অক্টোবর ২০২১ মাসের মাসিক সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলাপ-১)।

### ২.০ আলোচনাঃ

শুরুতে সভাপতি মহোদয় কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি কমিটিকে অবহিত করেন যে, ইআরএল-এর ২০২০-২১ অর্থ-বছরের গৃহীত উদ্ভাবনী উদ্যোগটি সফলতার সাথে সম্পন্ন হয়েছে এবং তার বাস্তবায়ন চলছে। তিনি সকলকে আরো অবহিত করেন যে, বিগত মে মাসে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে অনলাইনে অনুষ্ঠিত শোকেসিং কর্মশালায় ইআরএল টিমের উপস্থাপনা প্রশংসিত হয়েছে। অতঃপর কমিটির বিগত সভায় গৃহীত সিদ্ধান্তানুযায়ী কার্যক্রমের অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। সদস্য-সচিব কমিটিকে অবহিত করেন যে, নিয়ম অনুযায়ী ইআরএলকে চলতি ২০২১-২২ অর্থ-বছরের জন্য ন্যূনতম ১টি করে সেবা ডিজিটাইজেশন, সেবা সহজীকরণ ও উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। সভায় সেবা ডিজিটাইজেশন, সেবা সহজীকরণ ও উদ্ভাবনী ধারণা বাছাইয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

### ৩.০ সিদ্ধান্তঃ

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- কোয়ালিটি কন্ট্রোল শাখায় ইআরএল-এর বহিরাগত প্রোডাক্ট কোয়ালিটি টেস্টিং সেবাটি সহজীকরণের আওতায় নেওয়া যেতে পারে।
- ইআরএল-এর নগদ ভাউচার, অসুস্থতা ও ছুটি বিষয়ক আবেদনপত্র ইত্যাদি অনলাইনে করার জন্য 'ইআরএল বেসিক' বা 'ইআরএল অফিস ম্যানেজমেন্ট সিস্টেম' শীর্ষক ওয়েব এপ্লিকেশন ডিজিটাল সেবা কর্মপরিকল্পনার আওতায় নেওয়া যেতে পারে।
- ইআরএল এর উদ্ভাবনী ধারণা ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ প্রণয়নে পরবর্তী সভায় বিশদ আলোচনা করা হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সোহরাব হোসেন)

ম্যানেজার (প্ল্যানিং) ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম

### বিতরণঃ

জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পিএন্ডএস) ও ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

জনাব মামশাদ করিম আনোয়ার, এজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব সামিউল ইসলাম, ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. সাইফুর রহমান, ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

### অনুলিপিঃ

ব্যবস্থাপনা পরিচালক -সদয় অবগতির জন্য








ফাইল

# ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখঃ ৩১/১০/২০২১ খ্রি.

## “ইনোভেশন টিম”-এর মাসিক সমন্বয় সভার উপস্থিতি

নাম	পদবি	স্বাক্ষর
মো. মোস্তাফিজার রহমান	ডিজিএম (পি এন্ড এস) ও ইনোভেশন অফিসার	
মামশাদ করিম আনোয়ার	এজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম	 31/10/21
সামিউল ইসলাম	ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম	 31.10.21
মো. কামরুজ্জামান	ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম	 31/10/2021
মো. সাইফুর রহমান	ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম	 31/10/21
সোহরাব হোসেন	ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম	 31.10.21
মো. বায়েজিদ ইসলাম	এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম	 31.10.2021